

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮০৫

উদয়পুর, ২৪ নভেম্বর, ২০২৩

কাঁকড়াবন ব্লকভিত্তিক যুব উৎসব

কাঁকড়াবন কমিউনিটি হলে সম্প্রতি যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের গোমতী জেলা কার্যালয় এবং কাঁকড়াবন ব্লকের যৌথ উদ্যোগে কাঁকড়াবন ব্লকভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানের উদ্বোধন করেন কাঁকড়াবন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুপ্রিয়া সাহা। উপস্থিত ছিলেন কাঁকড়াবন পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান সুধীর মজুমদার, কাঁকড়াবন ব্লকের অতিরিক্ত বিডিও মনোরঞ্জন দেববর্মা, সমাজসেবী বিশ্বজিৎ সরকার প্রমুখ। এই যুব উৎসবে শিল্পীগণ সমবেত লোকসংগীত, সমবেত লোকনৃত্য, একক লোকসংগীত ও একক লোকনৃত্য, আবৃত্তি, গল্প লেখা, পোষ্টার লেখা, ফটোগ্রাফি, বক্তৃতা, হস্তকারু শিল্প, বয়ন শিল্প, কৃষি পণ্য এবং খেলাধুলা প্রতিযোগিতায় অংশ নেয়। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে কাঁকড়াবন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুপ্রিয়া সাহা বলেন, গ্রামগঞ্জের সুপ্ত প্রতিভাকে তুলে আনার জন্য ব্লকভিত্তিক যুব উৎসব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সুস্থ সংস্কৃতির বিকাশে যুব উৎসব অপরিসীম ভূমিকা পালন করে। এছাড়া বক্তব্য রাখেন, কাঁকড়াবন পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান সুধীর মজুমদার। স্বাগত ভাষণ দেন কাঁকড়াবন ব্লকের অতিরিক্ত বিডিও মনোরঞ্জন দেববর্মা। উল্লেখ্য, ব্লক স্তরে প্রত্যেক বিভাগে প্রথম স্থানাধিকারীরা জেলাভিত্তিক যুব উৎসবে অংশগ্রহণ করবে।
